প্রশিক্ষণে উজ্জীবন
জনসেবায় প্রাণপণ

বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা

www.bcsadminacademy.gov.bd ▪ এপ্রিল-জুন ২০২৪ ▪ আষাঢ় ১৪৩১

## এ সংখ্যায় যা আছে


- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের ১ম মেস রজনী পালন
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এ ইন্ডাকশন প্রোগ্রামে অংশগ্রহণ
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের আরবী ও মান্দারিন ভাষা প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের শিক্ষা সফরে কক্সবাজার গমন
- বিসিএস প্রশাসন একাডেমির ২০২৩-২০২৪ অর্থবছরে বৈদেশিক মাস্টার্স কোর্সে বৃত্তি প্রদান
- বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন
- বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠানে (NILG) সংযুক্তি
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের উন্মুক্ত অধিবেশনে মন্ত্রিপরিষদ সচিব
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের ২য় মেস রজনী পালন
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্থে পরিচালিত গবেষণার সেমিনার আয়োজন
- Sustainable Development Goals: Administrative, Financial & Policy Implications শীর্ষক কর্মশালা আয়োজন
- Smart Bangladesh: Enhancing Public service Delivery Through Technology শীর্ষক কর্মশালা আয়োজন
- Climate Change Effect in Bangladesh: Rio Convention and other International Legal /policy Frameworks such as UNFCC, UNLBD, COP28 শীর্ষক কর্মশালা আয়োজন
- বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান
- বিসিএস প্রশাসন একাডেমির ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের Smart Bangladesh: Role of Public Administration শীর্ষক কর্মশালা আয়োজন
- বিসিএস প্রশাসন একাডেমিতে বরেণ্য ব্যক্তিবর্গের উন্মুক্ত অধিবেশন
- বিসিএস প্রশাসন একাডেমিতে "বাংলা সাহিত্যের সুবর্ণ সময় : রবীন্দ্র-নজরুল সাহিত্য সম্পর্ক" শীর্ষক আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান


## ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের ১ম মেস রজনী পালন



১৮ এপ্রিল ২০২৪ তারিখে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দের অংশগ্রহণে "আনন্দধারা বহিছে ভুবনে" শীর্ষক ১ম মেস রজনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক এঁর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে একাডেমির এমডিএস (উন্নয়ন ও গবেষণা) ড. নুরুন্নাহার চৌধুরী এনডিসি, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো: আব্দুর রাজ্জাক, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং একাডেমির রেক্টরের উপস্থিতিতে ১ম মেস কমিটি ২য় মেস কমিটির কাছে যথারীতি ঘন্টা বাজিয়ে দায়িত্ব হস্তান্তর করেন।

## ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এ ইন্ডাকশন প্রোগ্রামে অংশগ্রহণ



বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের ইনডাকশন প্রোগ্রাম ১৯ এপ্রিল হতে ২১ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। ইনডাকশন প্রোগ্রামের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীগণ গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ার বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমিতে অবস্থান করে পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচনে এর কর্মসূচি সম্পর্কে অবহিত হন এবং সরেজমিন বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় প্রশিক্ষণার্থীগণের সাথে উপস্থিত ছিলেন কোর্স পরিচালক ড. মোল্লা মাহমুদ হাসানসহ কোর্স ম্যানেজমেন্ট টিমের অন্যান্য সদস্যবৃন্দ।

## ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের আরবী ও মান্দারিন ভাষা প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান







২২ এপ্রিল ২০২৪ তারিখে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের অংশ হিসেবে আরবী ও মান্দারিন ভাষা প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো: আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক প্রধান অতিথির আসন অলংকৃত করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত যুগ্মসচিব জনাব মুহাম্মাদ মাকসুদুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের সেন্টার ফর এরাবিক টিচিং ট্রেইনিং এন্ড রিসার্চ এর সাবেক চেয়ারম্যান ও পরিচালক প্রফেসর ড. মো. আব্দুল কাদির, শান্তা-মারিয়াম ইউনিভার্সিটি অফ ক্রিয়েটিভ টেকনোলোজির শান্তা-মারিয়াম হোংহো কনফুসিয়াস ক্লাস রুমের পরিচালক প্রফেসর মহিউদ্দিন তাহের। জাতিসংঘের দাপ্তরিক ভাষা শিক্ষা কার্যক্রমের আওতায় চলমান আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের আরবি ও মান্দারিন ভাষা প্রশিক্ষণ প্রদান করা হবে। চলমান আইন ও প্রশাসন কোর্সসমূহের কোর্স ম্যানেজমেন্ট টিম, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং প্রশিক্ষণার্থীবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের শিক্ষা সফরে কক্সবাজার গমন






১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ গত ০৩ মে ২০২৪ হতে ৬ মে ২০২৪ পর্যন্ত মোট ৪ দিনের শিক্ষা সফরে কক্সবাজারে গমন করেন। প্রশিক্ষণার্থীগণ শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজারে "FDMN CAMP Administration, Coordination and Management" বিষয়ে সম্যক ধারণা লাভ করেন এবং কক্সবাজার জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেন। উক্ত শিক্ষা সফরে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক, এম ডি এস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো আব্দুর রাজ্জাক, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং প্রশিক্ষণার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

## বিসিএস প্রশাসন একাডেমির ২০২৩-২০২৪ অর্থবছরে বৈদেশিক মাস্টার্স কোর্সে বৃত্তি প্রদান



গত ১১ মে ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে গৃহীত বৈদেশিক মাস্টার্স প্রোগ্রামের প্রকল্প নির্বাচন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই পূর্বক সকল শর্তাবলী পূরণের ভিত্তিতে মেধা অনুযায়ী সর্বসম্মতভাবে মোট ১২ জন কর্মকর্তাকে বৈদেশিক মাস্টার্স কোর্সের জন্য মনোনীত করে।

## বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ



গত ১৬ মে ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ধানমন্ডি ৩২ নাম্বারে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। বিসিএস প্রশাসন একাডেমির উপপরিচালক জনাব মুহাম্মদ সাদিকুর রহমান এবং জনাব মো শফিকুল ইসলাম প্রশিক্ষণার্থীদের সাথে উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন



গত ১৫ মে ২০২৪ তারিখে ২৪ জন প্রশিক্ষণার্থী নিয়ে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের কর্মকর্তাগণের ১ম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান সিনিয়র সচিব জনাব শেখ ইউসুফ হারুন এবং বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। একাডেমির এমডিএস (উন্নয়ন ও গবেষণা) ড. নুরুন্নাহার চৌধুরী এনডিসি, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠানে (NILG) সংযুক্তি




গত ১৮ মে ২০২৪ তারিখে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটে (NILG) গমন করেন। জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মনোজ কুমার রায় এর উপস্থিতে প্রশিক্ষণার্থীবৃন্দ স্থানীয় সরকার ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা লাভ করেন। উক্ত সংযুক্তিতে একাডেমির পরিচালক জনাব নাহিদা আক্তার, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং চলমান আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

# ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের উন্মুক্ত অধিবেশনে মন্ত্রিপরিষদ সচিব






গত ৬ জুন ২০২৪ তারিখে চলমান ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের মাঝে উপস্থিত হয়ে উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্মানিত মন্ত্রিপরিষদ সচিব জনাব মো. মাহবুব হোসেন। তিনি নবীন কর্মকর্তাদের আদর্শ ও নৈতিকতা সম্পন্ন




সিভিল সার্ভেন্ট হিসেবে গড়ে উঠার লক্ষ্যে করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন এবং দেশের প্রতি সরকারি কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

গত ৩০ এপ্রিল ২০২৪ নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ এডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনের সভাপতি জনাব মোস্তফা কামাল চলমান চারটি কোর্সের প্রশিক্ষণার্থীদের মাঝে উন্মুক্ত অধিবেশনে বক্তব্য প্রদান করেন।

এছাড়া গত ৯ জুন ২০২৪ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সম্মানিত এটর্নি জেনারেল জনাব আবু মোহাম্মদ আমিন উদ্দিন বিসিএস প্রশাসন একাডেমিতে উপস্থিত হয়ে চলমান আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন। তিনি বাংলাদেশের বিচার ব্যবস্থা ও বিচার বিভাগীয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

# ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণের ২য় মেস রজনী পালন





গত ২৭ মে ২০২৪ তারিখে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দের অংশগ্রহণে "আজো মধুর বাঁশরি বাজে" শীর্ষক ২য় মেস রজনী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং একাডেমির রেক্টর (সচিব) এর উপস্থিতিতে ২য় মেস কমিটি ৩য় মেস কমিটির কাছে যথারীতি ঘন্টা বাজিয়ে দায়িত্ব হস্তান্তর করেন। বাংলা সাহিত্যের আকাশের ধ্রুবতারা জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তীতে আয়োজিত এই সাংস্কৃতিক অনুষ্ঠানে নজরুল ভাবধারায় দেশীয় সংস্কৃতি তুলে ধরা হয়।

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্থে পরিচালিত গবেষণার সেমিনার আয়োজন




গত ১ জুন ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে Towards Effective Human Resource Structure in Bangladesh-2041: A Futuristic Approach for Public Sector Organizations শীর্ষক গবেষণার সেমিনার অনুষ্ঠিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক এর সভাপতিত্বে সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন গবেষণার টিম লিডার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব জনাব খায়রুল কবির মেনন। উক্ত সেমিনারে গবেষণা টিমের সদস্যবৃন্দ, জনপ্রশাসন মন্ত্রণালয়ের টেকনিক্যাল টিমের সদস্যবৃন্দ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ, গবেষণার তথ্য সংগ্রহকারী, গবেষণার তথ্য সংগ্রহকারীদের তদারকির দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাবৃন্দ এবং একাডেমির অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে বিসিএস প্রশাসন একাডেমির ১ম স্থান অর্জন



জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বার্ষিক অর্জনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৮ টি দপ্তর/সংস্থার মধ্যে বিসিএস প্রশাসন একাডেমি শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ১ম স্থান অর্জন করে। শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম, লক্ষ্য মাত্রার ভিত্তিতে অর্জন এবং প্রমাণক উপস্থাপন পূর্বক বিসিএস প্রশাসন একাডেমি শতকরা ৯৯.৯৯ নম্বর পেয়ে ১ম স্থান লাভ করে।

## Sustainable Development Goals: Administrative, Financial & Policy Implications শীর্ষক কর্মশালা আয়োজন




গত ১০ জুন ২০২৪ তারিখে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের Sustainable Development Goals: Administrative, Financial & Policy Implications শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের অতিরিক্ত সচিব জনাব মহাম্মদ মনিরুল ইসলাম। বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব আব্দুর রাজ্জাক ও অনুষদবর্গ কর্মশালায় উপস্থিত ছিলেন।

## Smart Bangladesh: Enhancing Public service Delivery Through Technology শীর্ষক কর্মশালা আয়োজন




গত ৪ জুন ২০২৪ তারিখে Smart Bangladesh: Enhancing Public service Delivery Through Tecnology শীর্ষক সেমিনার আয়োজন করে বিসিএস প্রশাসন একাডেমি। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন সিনিয়র সচিব (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) জনাব এন এম জিয়াউল আলম, বিপিএএ। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. সিলিয়া শাহনাজ। কর্মশালাটির সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড মো ওমর ফারুক। বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস, অনুষদ সদস্যবৃন্দ ও বিভিন্ন দপ্তর, সংস্থার প্রতিনিধিবর্গ উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন।

## Climate Change Effect in Bangladesh: Rio Convention and other International Legal /policy Frameworks such as UNFCC, UNLBD, COP28 শীর্ষক কর্মশালা আয়োজন




গত ৯ জুন ২০২৪ তারিখে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের Climate Change Effect in Bangladesh: Rio Convention and other International Legal /policy Frameworks such as UNFCC, UNLBD, COP28 শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের প্রাক্তন অধ্যাপক ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইমিরেটাস অধ্যাপক ড. আইনুন নিশাত। উক্ত অনুষ্ঠানে একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং চলমান আইন ও প্রশাসন কোর্সসমূহের প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান




বিসিএস প্রশাসন একাডেমিতে গত ১৩ মে ২০২৪ হতে ১১ জুন ২০২৪ তারিখ পর্যন্ত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) সহকারী পরিচালক পর্যায়ের ২৪ জন কর্মকর্তার ১ম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে ১১ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মো মোস্তফা কামাল। অনুষ্ঠানে কোর্স পরিচালক জনাব ইলিয়া সুমনাসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রকাশিত স্যুভেনিরের মোড়ক উন্মোচন করেন এবং প্রশিক্ষণার্থীদের সনদ বিতরণ করেন।

## বিসিএস প্রশাসন একাডেমির ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান






জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে গত ২৭ জুন ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির কর্মকর্তা -কর্মচারীদের " শুদ্ধাচার পুরস্কার ২০২৩-২০২৪" প্রদান করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ড. মো: ওমর ফারুক এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে ০২-০৯ গ্রেড কর্মকর্তাগণের মধ্যে জনাব মো আব্দুর রাজ্জাক, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ), বিসিএস প্রশাসন একাডেমি; ১০-১৬ গ্রেড কর্মকর্তাগণের মধ্যে জনাব মো মাহবুবুল আলম, প্রশাসনিক কর্মকর্তা, বিসিএস প্রশাসন একাডেমি এবং ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীগণের মধ্যে বিসিএস প্রশাসন একাডেমির মালী জনাব মো: আবুবকর সিদ্দিক শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করেন। সাবেক মন্ত্রিপরিষদ সচিব জনাব মো: আনোয়ারুল ইসলাম উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে মনোনিত কর্মকর্তা-কর্মচারীদের নিকট পুরস্কার তুলে দেন।

# ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের Smart Bangladesh: Role of Public Administration শীর্ষক কর্মশালা আয়োজন







গত ৪ জুন ২০২৪ তারিখে Smart Bangladesh: Role of Public Administration শীর্ষক সেমিনার আয়োজন করে বিসিএস প্রশাসন একাডেমি। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম, বিপিএএ, প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড মোহাম্মদ কায়কোবাদ, মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. সিলিয়া শাহনাজ। উক্ত সেমিনারে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় জনপ্রশাসনের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে আলোচনা করা হয় এবং স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনপ্রশাসনের ভূমিকা বিষয়ে বক্তব্য উপস্থাপন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবর্গ ও চলমান আইন ও প্রশাসন কোর্সসমূহের প্রশিক্ষণার্থীবৃন্দ এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

# বিসিএস প্রশাসন একাডেমিতে বরেণ্য ব্যক্তিবর্গের উন্মুক্ত অধিবেশন






২৪ জুন ২০২৪ তারিখে প্রাক্তন সচিব, একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট কবি ও ঔপন্যাসিক জনাব হাসনাত আব্দুল হাই ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪ তম আইন ও প্রশাসন কোর্সের উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন। তিনি তৎকালীন সিভিল সার্ভিসের ইতিহাস, প্রেক্ষাপট ও বিবর্তন সম্পর্কে প্রশিক্ষণার্থীদের অবহিত করেন এবং তার সাহিত্য চর্চার অনুপ্রেরণা সম্পর্কে বক্তব্য প্রদান করেন।

২৫ জুন ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন তৎকালীন সিভিল অফিসার্স ট্রেনিং একাডেমির (COTA) প্রথম অধ্যক্ষ ও কিংবদন্তীতুল্য সিভিল অফিসার জনাব খালেদ শামস। মেধায়, মনীষায়, সমাজমনস্কতায়, তিক্ততামুক্ত জীবনবোধ, নিরহংকার ও সাদামাটা জীবনাচরণে অনুকরণীয় এই ব্যক্তিত্ব বাংলাদেশ সিভিল সার্ভিসের ইতিহাস, সিভিল অফিসারদের প্রশিক্ষণের ইতিহাস ও বিসিএস প্রশাসন একাডেমির পটভূমি সম্পর্কে নবীন কর্মকর্তাদের সম্যক ধারণা প্রদান করেন। উল্লেখ্য যে, জনাব খালেদ শামস তৎকালীন পাকিস্তান সিভিল সার্ভিস পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অর্জন করেছেন এবং যুক্তরাষ্ট্রের খ্যাতনামা হার্ভার্ড বিশ্ববিদ্যালয় হতে ডিস্টিংশন সহকারে জনপ্রশাসন বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

# বিসিএস প্রশাসন একাডেমিতে “বাংলা সাহিত্যের সুবর্ণ সময় : রবীন্দ্র-নজরুল সাহিত্য সম্পর্ক” শীর্ষক আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান











বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অমর সৃষ্টি ও সম্পর্ক নিয়ে গত ৩০ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ, বাংলা ১৬ আষাঢ়, ১৪৩১ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী “বাংলা সাহিত্যের সুবর্ণ সময় : রবীন্দ্র-নজরুল সাহিত্য সম্পর্ক” শীর্ষক আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ড. মো ওমর ফারুক এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, মূল প্রবন্ধ পাঠ করেন প্রফেসর মো আব্দুল মান্নান, প্রাক্তন বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, সরকারি বি. এল. কলেজ, খুলনা। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কবি নজরুল ইনস্টিটিউটের নির্বাহি পরিচালক জনাব এ এফ এম হায়াতুল্লাহ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক জনাব ভীষ্মদেব চৌধুরী এবং বাংলা একাডেমির মহাপরিচালক জনাব মুহম্মদ নূরুল হুদা। মূল প্রবন্ধকার প্রফেসর মো. আব্দুল মান্নান তার প্রবন্ধে কবিগুরু রবীন্দ্রনাথ ও কবি কাজী নজরুল ইসলামের আন্তঃসম্পর্ক ও সাহিত্য কর্মের পারস্পরিক প্রভাব বিষয়ে আলোকপাত করেন। বাংলা সাহিত্যের এই দুই দিকপালের সাহিত্য সৃষ্টিতে প্রকৃতি, তৎকালীন সমাজ ব্যবস্থা, স্বাধীনতার জন্য আকুতি ও অন্যান্য নিয়ামকের প্রভাব বিষয়ে তুলনামূলক বিশ্লেষণ করেন।

আলোচনা অনুষ্ঠান শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে বরেণ্য নজরুল সংগীত শিল্পী খায়রুল আনাম শাকিল, নজরুল ইনস্টিটিউটের শিল্পীবৃন্দ ও প্রথিতযশা শিল্পীবৃন্দ সংগীত পরিবেশন করেন।

## সম্পাদনা পর্ষদ

**উপদেষ্টা**
**ড. মোঃ ওমর ফারুক**
রেক্টর (সচিব)

**প্রধান সম্পাদক**
**মোঃ আব্দুর রাজ্জাক**
মেম্বার ডিরেক্টিং স্টাফ
(প্রশাসন ও প্রশিক্ষণ)

**কার্যনির্বাহী সম্পাদক**
**নাহিদা আক্তার**
পরিচালক
(গবেষণা ও প্রকাশনা)

**সদস্য**
**মো. ফোরকান এলাহি অনুপম**
উপপরিচালক
(গবেষণা ও প্রকাশনা)

**সদস্য**
**সাবিহা ফাতেমাতুজ্-জোহ্‌রা**
প্রকাশনা কর্মকর্তা

প্রকাশকাল : ১ জুলাই ২০২৪

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন: +৮৮ (০২) ৫৫১৬৫৯০১, ফ্যাক্স: +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল: ddrp@bcsadminacademy.gov.bd